

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার নং- ৩০

অক্টোবর ১৪, ২০১০
তারিখ : -----
আশ্বিন ২৯, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ।

প্রিয় মহোদয়,

ঋণের উপর সুদ হার নির্ধারণ প্রসঙ্গে ।

সুদের হার সংক্রান্ত পরিবর্তিত নীতিমালা বিষয়ে জারীকৃত বিসিডি সার্কুলার নং-৩৩/১৯৮৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

বিসিডি সার্কুলার নং-৩৩/১৯৮৯ এর মাধ্যমে প্রদেয় ঋণের সুদ হারের মধ্যে সুদ ও সার্ভিস চার্জ অন্তর্ভুক্ত মর্মে ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে । কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ব্যাংক গ্রাহককে প্রদেয় ঋণের বিশেষ করে রপ্তানী ঋণের সুদ হারের সাথে অতিরিক্ত সার্ভিস চার্জ আরোপ/আদায় করছে যা উপরোক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশনার লংঘন ।

এতদপেক্ষিতে, নির্দেশ প্রদান করা যাচ্ছে যে, প্রদেয় ঋণের সুদ হারের মধ্যে সুদ ও সার্ভিস চার্জ অন্তর্ভুক্ত থাকায় রপ্তানী ঋণসহ কোন ধরনের ঋণের সুদ/মুনাফা হারের সাথে অতিরিক্ত কোন সার্ভিস চার্জ আরোপ/আদায় করা যাবে না ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহাঙ্গীর আলম)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫